গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮২(অংশ-১).১৭-৬২৭ তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৬ ব. / ২৮ নভেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১৩৩৪৮/২০১৬ মামলার ২২/০৩/২০১৭ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে দায়েরকৃত সিপিএলএ নং-২৮৯৯/২০১৯ এর পরবর্তী শুনানীয়ান্তে হালনাগাদ তথ্যাদি এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শা:৪/১জি-৫/৯৮/৬৭-শিক্ষা তারিখ: ১৫/০৪/১৯৯৯ খ্রি.
(২) সুপার, খলশী এলাউচ্ছুনান হোসাইনী দাখিল মাদ্রাসার পত্র তারিখ: ১৭/০৮/২০১৬ খ্রি
(৩) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮২(অংশ-১).১৭-১২৭, তারিখ: ০৩/৪/২০১৮ খ্রি.
(৪) সুপার, খলশী এলাউচ্ছুনান হোসাইনী দাখিল মাদ্রাসার পত্র তারিখ: ০৪/০৯/২০১৯ খ্রি.
(৫) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৮২(অংশ-১).১৭-৫৩৭, তারিখ: ২১/১০/২০১৯ খ্রি.
(৬) ডিএমই'র স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭-১৯-৩৪৩, তারিখ: ২৯/১০/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় হতে সূত্রোক্ত (১) সংখ্যক স্মারকে মাদ্রাসাসমূহের (পরিশিষ্ট 'ঘ' মোতাবেক) ষ্টাফিং প্যাটার্ণ মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ (এমপিও) কতিপয় শর্ত সাপেক্ষ্যে প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় কাগজপত্রাদি জেলা শিক্ষা অফিসার-এর মাধ্যমে পরিচালক,ব্যানবেইস বরাবর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়।

০২। কিন্তু বর্ণিত প্রতিষ্ঠানটির ম্যানেজিং কমিটি সংক্রান্ত বিভিন্ন জটিলতার কারণে জেলা শিক্ষা অফিসার, খুলনা কর্তৃক যথাসময়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি পরিচালক, ব্যানবেইস বরাবর প্রেরণ না করায় খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন খলশী এলাউচ্ছুনান হোসাইনী দাখিল মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণ এমপিওভুক্ত হতে পারেনি মর্মে বর্ণিত প্রতিষ্ঠানের সুপার কর্তৃক সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর সূত্রোক্ত (২) নং স্মারকে দাখিলকৃত পত্রে উল্লেখ করা হয়।

০৩। ফলে উক্ত মাদ্রাসার সুপার, জনাব মো: গোলাম হোসেন কর্তৃক শিক্ষক-কর্মচারীসহ আলোচ্য প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং- ১৩৩৪৮/২০১৬ মামলা দায়ের করেন। উক্ত রিট পিটিশন নং- ১৩৩৪৮/২০১৬ মামলার ২২/০৩/২০১৭ তারিখে প্রদত্ত আদেশের অংশবিশেষ নিম্নরূপ-

"The respondents are directed to enlist the petitioner's Madrasha, namely, Kalshi Elaussunnan Hossaini Dakhil Madrasha, Post Office- Dumuria, Upazila- Domuria, District- Khulna within the MPO scheme by including the names of teachers and staffs within 30 (thirty) days from the date of receipt of a copy of this judgment and order".

০৪। রিট পিটিশন নং- ১৩৩৪৮/২০১৬ মামলার ২২/০৩/২০১৭ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়েরের নিমিত্ত টিএমইডি হতে সূত্রোক্ত (৩) নং স্মারকের মাধ্যমে মহোদয়-কে অনুরোধ জানানো হয়। রিট মামলার রায়/আদেশ বাস্তবায়ন না হওয়ায় বা উক্ত রায়ের বিরুদ্ধে আপীল দায়ের না হওয়ায় ইতোমধ্যে পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৩৮৪/২০১৮ (রিট পিটিশন নং-১৩৩৪৮/২০১৬ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়।

০৫। ইতোমধ্যে সূত্রোক্ত (৪) নং স্মারকের মাধ্যমে পিটিশনার কর্তৃক রিট পিটিশন নং-১৩৩৪৮/২০১৬ মামালার ২২/৩/২০১৭ তারিখের রায়/আদেশের আলোকে খলশী এলাউচ্ছুনান হোসাইনী দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্ত করার জন্য রিট মামলার রায়ের কপি ও রিট উক্ত মামালার ২২/৩/২০১৭ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে গত ০৪/০৮/২০১৯ তারিখ পর্যন্ত কোন আপীল দায়ের হয়নি মর্মে আপীল বিভাগের সুপারিনটেনডেন্ট কর্তৃক প্রদত্ত information slip সংযুক্ত করা হয়। তৎপ্রেক্ষিতে কতিপয় (৩টি) তথ্য জানানোর জন্য টিএমইডি হতে মহোদয় বরাবর সূত্রোক্ত (৫) নং স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়।

০৬। টিএমইডি'র উক্ত পত্রের প্রেক্ষিতে ডিএমই হতে সূত্রোক্ত (৬) নং স্মারকে প্রাপ্ত তথ্যাদির বিবরণ নিম্নরূপ-

| ক্র: নং | টিএমইডি হতে চাহিত তথ্যাদি | টিএমইডি'র চাহিত তথ্যের প্রেক্ষিতে ডিএমই কর্তৃক প্রেরিত তথ্যাদি | টিএমইডি'র মন্তব্য/নির্দেশনা |
|---|---|---|---|
| (ক) | টিএমইডি হতে বারবার নির্দেশনা/তাগিদ দেয়ার পরও রিট পিটিশন নং-১৩৩৪৮/২০১৬ মামলায় গত ২২/০৩/২০১৭ তারিখে প্রদত্ত আদেশের বিরুদ্ধে ০৪/৮/২০১৯ তারিখ পর্যন্ত কোন আপীল দায়ের না হওয়ার কারণ ব্যাখ্যাকরণ; | রিট পিটিশন নং-১৩৩৪৮/২০১৬ মামলায় গত ২২/০৩/২০১৭ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রিমকোর্টে সিভিলি পিটিশন ফর লিভ টু আপীল দায়ের হয়েছে মর্মে অবগতি পত্র স্মারক নং-৩২৬, তারিখ: ১৬/১০/১৯। | টিএমইডি হতে ৫৩৭ নং স্মারকের পত্রটি ২১/১০/১৯ তারিখে প্রেরণ করা হয় এবং ডিএমই এর ৩২৬ স্মারকের পত্রটি ২১/১০/১৯ তারিখ অপরাহ্নে আইন শাখায় প্রাপ্ত হয়। |
| (খ) | সে সাথে এরূপ ঘটনার (রায় ঘোষণার পর ৫৬৫ দিন অতিবাহিত হয়ে গেছে তথাপি উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়ের করা হয়নি) পুনরাবৃত্তি রোধের নিমিত্ত চলমান মামলায় মনিটরিং বাড়ানো; | সরকারের প্রতিকূলে রায় হয়েছে এমন তথ্য পিটিশনার / আদালত কর্তৃক মাশিঅ প্রাপ্ত হলে অথবা টিএমইডি কর্তৃক নির্দেশনা প্রাপ্ত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক আপীল দায়েরের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা হয়। | আলোচ্য রিট মামলা নং-১৩৩৪৮/২০১৬ সহ ডিএমই সংশ্লিষ্ট সকল মামলায় ডিজি, ডিএমই অন্যতম রেসপনডেন্ট বিধায় রেসপনডেন্ট এর মৌলিক দায়িত্ব হিসেবে প্রতিটি মামলার জবাব দাখিলসহ নিবিড় তদারকি মহোদয়ের অন্যতম দায়িত্ব। পিটিশনার/আদালত/টিএমইডি হতে নির্দেশনা পাওয়ার পর আপীলের উদ্যোগ গ্রহণ সংক্রান্ত মহোদয়ের মন্তব্যটি দায়িত্বশীল কর্মকর্তা সুলভ মন্তব্য হয়নি। |
| (গ) | মামলাটির সর্বশেষ অবস্থা তথা আপীল দায়ের করা হয়েছে কিনা তা জানানো; | রিট পিটিশন নং-১৩৩৪৮/২০১৬ মামলার ২০/০৩/২০১৭ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রিমকোর্টে সিভিল পিটিশন ফর লিভ টু আপীল দায়ের হয়েছে। যার নং-২৮৯৯/২০১৯। | আপীল দায়েরের নির্দিষ্ট সময়ের (৮৭২) দিন পরে সিপিএলএ দায়ের হয়েছে। দেরীতে সিপিএলএ দায়েরের গ্রহণযোগ্য যৌক্তিক কারণ লিভ পিটিশনে উল্লেখ করা হয়েছে কিনা? পিটিশনটি খারিজ হওয়ার আশংকা মুক্ত করে লিভ পিটিশনে তথ্য ও আইন উপস্থাপন করা হয়েছে কিনা তা মহোদয়ের নিকট হতে জানা প্রয়োজন। অন্যথায় সিপিএলএ দায়ের সংক্রান্ত সকল কার্যক্রমই পণ্ডশ্রমে পর্যবসিত হবে। |

০৭। এমতাবস্থায়, ছকে উল্লিখিত নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করে রিট পিটিশন নং-১৩৩৪৮/২০১৬ মামলার ২২/০৩/২০১৭ তারিখের রায়/আদেশের বিরুদ্ধে দায়েরকৃত সিপিএলএ নং-২৮৯৯/২০১৯ এর হালনাগাদ তথ্যাদি আগামি ১৭/১২/১৯ তারিখের মধ্যে টিএমইডিকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৮/১১/১৯
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।